

রাবি ভিসির সঙ্গে অসৌজন্যমূলক আচরণের নিন্দা

■ রাবি প্রতিনিধি
সরকারদলীয় সংসদ সদস্য ও দলীয় নেতাকর্মীরা গত ১৫ ও ১৬ এপ্রিল রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) উপাচার্যের দপ্তরে উপাচার্য ও অন্য শিক্ষকদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষক ও ছাত্রসংগঠন। বৃহস্পতিবার রাতে ও গভর্ণমেন্ট গুরুবার পৃথক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব নিন্দা ও প্রতিবাদ জানানো হয়।
বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি : অসৌজন্যমূলক আচরণের ঘটনায় উদ্বেগের সঙ্গে নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বিবৃতি দিয়েছে শিক্ষক

সমিতি। বৃহস্পতিবার রাতে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মহা. রেজাউল করিম স্বাক্ষরিত একটি সংবাদ বিজ্ঞপ্তিতে সরকারদলীয় সাংসদ ও নেতাদের এ কর্মকাণ্ডের নিন্দা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দপ্তরে সংঘটিত ঘটনার পরিপ্রেক্ষিতে আমরা অত্যন্ত মর্মাহত ও ক্ষুব্ধ। এ ঘটনা বিশ্ববিদ্যালয়ের মর্যাদা ও স্বায়ত্তশাসনের প্রতি চরম হুমকি।

প্রগতিশীল শিক্ষক সমাজ : প্রগতিশীল শিক্ষক সমাজের আহ্বায়ক অধ্যাপক মামুনুর রশিদ তালুকদার স্বাক্ষরিত এক বিবৃতিতে বলা হয়, বর্তমান বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ পদে আসীন উপাচার্য একজন প্রজ্ঞাবান ও সজ্জন ব্যক্তি। তার মান-মর্যাদার সঙ্গে বিশ্ববিদ্যালয় পরিবারের মান-মর্যাদা জড়িত। উপাচার্যের সঙ্গে যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের যথাযথ সম্মান প্রদর্শন ও দায়িত্বশীল আচরণ করা সমীচীন।

জাতীয়তাবাদী শিক্ষক ফোরাম : জাতীয়তাবাদী শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক ড. কেবিএস মাহবুবুর রহমান স্বাক্ষরিত অন্য এক বিবৃতিতে বলা হয়, দেশের দ্বিতীয় বৃহত্তম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে পরপন্থ দু'দিন সরকারদলীয় একজন সাংসদ ও মহানগর আওয়ামী লীগ নেতা কর্তৃক হুমকি ও লাঞ্ছনার ঘটনায় আমরা হতবাক হয়েছি। ঘটনায় দায়ী ব্যক্তিদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি।